দৈনিক
আমাদের সময়

তারিখ 04 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

# শিক্ষা ও বিনোদন নিয়ে 'গল্প নয় সত্য'

চপল মাহমুদ ●

সংস্কৃতি

শিক্ষা ও বিনোদনের মিশেলে নতুন একটি অনুষ্ঠান শুরু করেছে বাংলাদেশ টেলিভিশন। মানবসম্পদ উন্নয়নে বিশেষ অবদান রাখবে 'গল্প নয় সত্য' নামের এই টিভি অনুষ্ঠানটি। ইতোমধ্যে অনুষ্ঠানটির দুটি পর্ব প্রচার করেছে বিটিভি। গতকাল সকাল ১০টায় রাজধানীর একটি তারকা হোটেলে 'গল্প নয় সত্যি'-এর প্রচারমূলক এক আয়োজন করেছিল জাইকা। তাতে 'এডুটেইনমেন্ট'ভিত্তিক এই টিভি অনুষ্ঠানটির বিস্তারিত জানানো হয়। এটি নির্মাণে সার্বিক সহায়তা দিয়েছে জাপানি প্রতিষ্ঠান জাইকা। প্রচারমূলক এ আয়োজনে উপস্থিত ছিলেন জাইকার প্রধান প্রতিনিধি মিকিও হাতায়েদা, প্রধানমন্ত্রীর কার্যালয়ের অন্যতম মহাপরিচালক কবির বিন আনওয়ার, বাংলাদেশ টেলিভিশনের মহাপরিচালক এস এম হারুন-অর-রশিদ, এটুআইয়ের পিপলস পাব[illegible] বিশেষজ্ঞ [illegible]মান

এরপর পৃষ্ঠা ৯ কলাম ১

## শিক্ষা ও বিনোদন নিয়ে

(৩ এর পৃষ্ঠার পর) ভূঁইয়া ও জাইকা বিশেষজ্ঞ দলের প্রধান তায়েকি তাকাহাশি। 'বাংলাদেশের মানবসম্পদ উন্নয়নে টেলিভিশন অনুষ্ঠান নির্মাণে মিডিয়ার সক্ষমতা বৃদ্ধি' নামের এক প্রকল্পের আওতায় এই মানব উন্নয়ন (এইচডি) টিভি অনুষ্ঠান নির্মাণের অন্য অংশীদাররা হচ্ছে বাংলাদেশ সরকারের তথ্য মন্ত্রণালয়, প্রধানমন্ত্রীর কার্যালয় ও বাংলাদেশ টেলিভিশন। প্রচারের এই আয়োজনে আলোচনাপর্ব শেষে নাচ করেন সোহাগ ও মেহজাবিন, গান করেন পান্থ কানাই ও ফাহমিদা নবী।